



**ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস অ্যাওয়ার্ড পেলেন  
বিএসবি ফাউন্ডেশন ও ক্যামব্রিয়ান স্কুল অ্যান্ড  
কলেজের চেয়ারম্যান লায়ন এম কে বাশার**

শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বিএসবি ফাউন্ডেশন ও ক্যামব্রিয়ান কলেজের চেয়ারম্যান লায়ন এম কে বাশার ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস অ্যাওয়ার্ড-২০১২ লাভ করেছেন। গত নভেম্বর ভারতের বার্লিনগার মুম্বাইয়ে অভিজ্ঞতাজ্ঞ জঙ্গ ফেটেলে আনুষ্ঠানিকভাবে তাকে এ পদক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে বিশ্বের ৮০টি দেশের প্রতিনিধিরা যোগদান করেন। উল্লেখ্য, ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস এই অ্যাওয়ার্ড বিশ্বের সবচেয়ে সন্মানজনক বলে বিবেচনা করা হয়ে থাকে। উপবহাদেশের ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেসের এটাই ছিল প্রথম সংগলন।

লায়ন এম কে বাশারকে এই অনুষ্ঠানে সেরা শিক্ষা উদ্যোক্তা হিসেবে এই পদক প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস অ্যাওয়ার্ড একই মঞ্চ থেকে গ্রহণ করেন। ওইদিন সকালে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত জানান কংগ্রেসের চেয়ারম্যান ও এবিপি নিউজের প্রধান নির্বাহী অশোক ভেঙ্কটেশ্বরান। বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এতে বিশেষ অতিথির বক্তৃতা করেন। এ ছাড়া অফিসার দেশ নামিবিয়ার উপমন্ত্রী জেভিড নামওয়ালি, ভূটানের শিক্ষা মন্ত্রকের প্রতিনিধি লিওনপো ঠাকু সিং পাওডেন অতিথি হিসেবে বক্তৃতা করেন। এ পর্বে ওয়ার্ল্ড সিএআর (করপোরেট সোস্যাল রেস্পন্সিবিলিটি) ডে'র প্রতিষ্ঠাতা ড. আরএল জতিয়া, ইন্দিরা এপ অব ইনস্টিটিউটের চেয়ারম্যান ড. টারিটা শংকর, ব্লু ডাট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক অনিল কড়া বক্তৃতা করেন।

অ্যাওয়ার্ড গ্রহণের পর লায়ন এম কে বাশার তার প্রতিক্রিয়া বলেন, বাংলাদেশে এক লাখ ছাত্রী স্কুলের শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানের একত্বন হয়ে আমি এ পদক গ্রহণ করছি। আমি বিশ্বাস করি, এ পদকপ্রাপ্তির বিএসবি ফাউন্ডেশন প্রতিষ্ঠিত ১১টি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি সব শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা সম্প্রসারণ ও মান উন্নয়নে উৎসাহিত করবে।

বিএসবি ফাউন্ডেশনের চেয়ারম্যান লায়ন এম কে বাশার ছাড়াও শিক্ষা ও গবেষণায় অবদানের জন্য বাংলাদেশের চার শিক্ষাবিদ কয়েক শিক্ষক ও ওআইসি পরিচালিত ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির ডিসি অধ্যাপক ড. ইমতিয়াজ হোসেন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সাবেক ডিসি অধ্যাপক মোহাম্মদ শফিক, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ডিসি ড. নুরুল হোসেন এবং ব্রাক ইউনিভার্সিটির শো-ডিসি অধ্যাপক গোলাম সাম্মানি ফকির এ পদক লাভ করেন। এ ছাড়া উচ্চশিক্ষা লাভে বিদেশ গমনে শিক্ষার্থীদের সহায়তা ও পরামর্শ দানে অবদান রাখার জন্য এনএসবিসিএলের কর্মচার নূরুল কবীরকেও এ পদক দেয়া হয়েছে। বিজ্ঞপ্তি